



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 13
Class - 2

Subject : Bengali Grammar
Topic : অনুচ্ছেদ লিখন

Date : 09.09.2020

১) 'আমার শখ' সম্পর্কে দশটি বাক্যে একটি অনুচ্ছেদ লেখ।

অনুচ্ছেদটি লেখার জন্য নীচে কতকগুলি সংকেত দেওয়া হল।

সংকেত : সূচনা — পছন্দের শখ — কেন এটি পছন্দের — শখ পূরণের কাজ — উপসংহার।

নমুনা অনুচ্ছেদ

সব মানুষের রুচি বা পছন্দ এক নয় তাই আমার শখের সঙ্গে অন্যের শখ নাও মিলতে পারে। অবশ্য আমার শখের বিষয়টি একেবারে অভিনব কিছু নয়। আমার শখ ফুলের বাগান তৈরি করা। যে ফুল কারো ক্ষতি করে না, সকলকে ভালোবাসা দেয়, সেই ফুলের বাগান তৈরিই আমার প্রিয়। গাছের বীজ পোঁতা, তার থেকে চারাগাছ বের হওয়া, গাছ বড়ো হওয়া এবং তাতে ফুল ফোটা এর প্রতিটি ধাপই আমার কাছে খুবই বিস্ময়ের, খুবই মজার। যখন গাছে রংবেরঙের ফুল ফোটে, মধুর লোভে প্রজাপতি, মৌমাছি এসে বসে সে দৃশ্যের তুলনা হয় না। তাই ফুলের বাগান তৈরিকেই আমি আমার শখ হিসাবে বেছে নিয়েছি। আমার শখের ফুলের বাগানে রয়েছে জবা, গোলাপ, টগর, গাঁদা, দোপাটি, চন্দ্রমল্লিকা, ডালিয়া প্রভৃতি মরশুমি ফুলের গাছ। আমি নিয়মিত গাছগুলির যত্ন নিই, যেমন — গাছে জল দেওয়া, সার দেওয়া, আগাছা পরিষ্কার করা, আবার গাছে পোকা লাগলে ওষুধ দেওয়া ইত্যাদি। আমি প্রতিদিন কিছুটা সময় গাছের সঙ্গে কাটাই আর তাদের সঙ্গে গড়ে উঠেছে আমার নিবিড় সম্পর্ক ও ভালোবাসা।

Rita Das

————— X —————